[বিনিয়োগ অগ্রাধিকার]

# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও ঢাকা-১২০৭।
www.bhtpa.gov.bd

সভাপতি: মোঃ তবিবুর রহমান
পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
সভার তারিখ ও সময় : ১২ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ সকাল: ১১.৩০ ঘটিকা
স্থান: জুম প্লাটফর্ম

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য অনুমতি প্রদান করে একই সাথে উপস্থিত সকলকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। "বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট" এ বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানের কার্যক্রম অগ্রগতির বিষয় বিস্তারিত জনানোর জন্য উপস্থিত বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের অনুরোধ জানান।

**(ক) পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত নিম্নরূপভাবে বাস্তবায়ন করা হয়েছেঃ**

| ক্র: | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|
| ১। | বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহ/বিনিয়োগ আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে হার্ড কপিতে আবেদন কমিয়ে ওএসএস পোর্টালের মাধ্যমে আবেদন করতে হবে। | বিনিয়োগে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে ওএসএস পোর্টালের মাধ্যমে আবেদন করার জন্য উৎসাহীত করা হচ্ছে। | ১০০% |

**(খ) সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:**

| ক্র: | প্রতিষ্ঠানের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | রহমানিয়া সুপার মার্কেট | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান যে, বোর্ড ক্ল্যাব কাম রেস্টুরেন্ট ব্যবসা পরিচালনা করার জন্য ইতোমধ্যে ৩.৫০ কোটি টাকা বিনিয়োগ করেছে। প্রথম তলার ফ্লোর ডালাই শেষ হয়েছে ও ছাদ ঢালাই কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরোও জানান যে, সুয়ারেজ এর বর্জ্য অপসারনের জন্য কোন নির্দিষ্ট জায়গা নেই, গ্যাস লাইনের সংযোগ করা প্রয়োজন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান গ্যাস সংযোগের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | রহমানিয়া সুপার মার্কেট প্রতিষ্ঠানটিকে গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেট কে অনুরোধ জানানো হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কারিগরি অনুবিভাগ) |
| ২। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান যে, তাদের অনুকূলে বরাদ্দকৃত জমির Soil Test সম্পন্ন করা হয়েছে। নির্মাণ কাজের জন্য ড্রইং, ডিজাইন, বিওকিউ সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে প্রায় ১৫ - ২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ডিসেম্বরের শেষ সপ্তাহে নির্মাণ কার্যক্রম শুরু করবে। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেডকে জানুয়ারী, ২৪ ইং তারিখের মধ্যে নির্মাণ কার্যক্রম শুরু করতে হবে। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড |

| ক্র: | প্রতিষ্ঠানের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান যে, তারা অতিসত্বর কার্যক্রম শুরও করবে। কাজেই কাঁচামাল আমদানি করবে, সেক্ষেত্রে এসআরও মোতাবেক সুবিধাটি গ্রহণ করতে চায়। সভায় আলোচনা হয় যে, H.S code সহ আমদানিকৃতব্য পন্যের তালিকা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ প্রতিষ্ঠানটিকে এসআরও মোতাবেক সুবিধাদি গ্রহণের নিমিত্ত H.S codeসহ আমদানিকৃতব্য পন্যের তালিকা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ও টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ |
| ৪। | ইএলবি লিমিটেড | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান, তাদের অনুকূলে বরাদ্দকৃত স্থানটিতে অত্যাধুনিক ডাটা সেন্টার স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছিলো কিন্তু বন্যার কারনে শেষ করা সম্ভব হয়নি। ডাটা সেন্টার করার সিদ্ধান্ত থাকলেও বাস্তব অবস্থায় করা হবেনা মর্মে সভাকে অবহিত করেন। ডাটা সেন্টার এর স্থলে অন্য শিল্প প্রতিষ্ঠান স্থাপন করা হবে বিষয়টি সভাকে অবহিত করেন। প্রতিষ্ঠানটি অন্য কি শিল্প স্থাপন করতে আগ্রহী আগামী ১০ কর্মদিবসের মধ্যে এ বিষয় কর্তৃপক্ষকে লিখিত ভাবে জানানোর জন্য সভায় আলোচনা হয়। | ইএলবি লিমিটেড প্রতিষ্ঠান আগামী ২০ কার্যদিবসের মধ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুকূলে নতুন পরিকল্পনা দাখিল করবে। | ইএলবি লিমিটেড |
| ৫। | আইরিশ ইলেক্ট্রনিক্স লি: | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান তাদের অনুকূলে বরাদ্দ পাওয়া সত্বেও সরেজমিন জমি হস্তান্তর করা হয়নি। ডিজিটাল সার্ভের মাধ্যমে জমি বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ জানান একই সাথে কাজ শুরু করার সাথে সাথে পানির লাইন সংযোগ দিতে হবে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান তাদেরকে ইতোমধ্যে সরেজমিনে হস্থান্তর করা হয়েছে। প্রয়োজনে পুনরায় হস্থান্তর করা হবে। | আইরিশ ইলেক্ট্রনিক্স লি: প্রতিষ্ঠানের অনুকূলে পুনরায় জমি বুঝিয়ে দিতে হবে এবং প্রতিষ্ঠানটি কাজ শুরু করার সাথে সাথে পানির লাইন সংযোগ দিতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬। | র‍্যাংগস ইলেকট্রনিক্স কোম্পানী লিমিটেড | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান তাদের নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে, প্রতিষ্ঠানটি আগামী বছরের প্রথম দিকেই উৎপাদনের কাজ শুরু করবে কাজেই অতিসত্বর প্রতিষ্ঠানটির গ্যাস লাইনের সংযোগ দেয়া প্রয়োজন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান গ্যাস সংযোগের বিষয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | র‍্যাংগস ইলেকট্রনিক্স লিমিটেড প্রতিষ্ঠানকে গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেট কে অনুরোধ জানানো হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কারিগরি অনুবিভাগ) |
| ৭। | ইনোটেক হোলডিংস লিমিটেড এবং আরবিডি সফটওয়্যার অ্যান্ড টেকনোলজি লি:, | Innotech Holdings Ltd. এবং RBD Software & Technology Ltd. এর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাদের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, প্রতিষ্ঠান দুটি অদ্যবধি কোন কাজ শুরু করে নাই। সভাপতি সভাকে অবহিত করেন Innotech Holdings Ltd. কে আগামী ০২ মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু করতে হবে এবং RBD Software & Technology Ltd. | **ক।** Innotech Holdings Ltd. কে আগামী ০২ মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে।<br><br>**খ।** RBD Software & Technology Ltd. প্রতিষ্ঠানকে আগামী ০১ (এক) মাসের মধ্যে কার্যক্রম শুরু করতে হবে অন্যথায় | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ও বিনিয়োগকারী প্রতিষ্ঠান |

| ক্র: | প্রতিষ্ঠানের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠানকে ০১ (এক) মসের মধ্যে কার্যক্রম শুরু করতে হবে অন্যথায় তাদের বরাদ্দ বাতিল করা হবে। | বরাদ্দ বাতিল করা হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মোঃ হাবিবুর রহমান)
পরিচালক (অর্থ ও প্রশাসন)
৫৫০০৭৩৭৮

স্মারক নং ৫৬.০২.০০০০.০১৪.১৮.০০৮.২৩-২১৯ তারিখ: ১৮/১২/২০২৩ ইং

**বিতরণ:**

১। ব্যবস্থাপনা পরিচালক, র‍্যাংগস ইলেকট্রনিক্স কোম্পানী লিমিটেড, সোনারতরী টাওয়ার (৪র্থ ও ৫ম তলা),১২, সোনারগাঁও রোড, শাহবাগ, ঢাকা।
২। সভাপতি, হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড, বি/১৮, শ্রাবণী, পাঠানটোলা, সিলেট।
৩। ব্যবস্থাপনা পরিচালক, রহমানিয়া সুপার মার্কেট, তালতলা, সিলেট।
৪। ব্যবস্থাপনা পরিচালক, টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, খলিতাজুরি বিলের পাড়, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ইএলবি লিমিটেড (সিসটার কনর্সান অফ ৬৩১২০৯৮), ২৩৩ বড় মগবাজার, ঢাকা-১২০৭।
৬। চেয়ারম্যান, আইরিশ ইলেক্ট্রনিক্স লি:, স্টার সেন্টার, ৪র্থ তলা, প্লট নং -০২, রোড নং ১৩৮, গুলশান-০১, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ইনোটেক হোলডিংস লিমিটেড, ব-১/৪, দক্ষিণ বাড্ডা, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, আরবিডি সফটওয়্যার অ্যান্ড টেকনোলজি লি:, ফ্ল্যাট-০৪, হাউজ নং-৯১, রোড নং-০৪, ব্লক-বি, বনানী, ঢাকা।

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য**

১। পরিচালক (কারিগরি), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা), আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। জনাব এস.এম. আল-মামুন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক সিলেট। (প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের সভায় উপস্থিতি নিশ্চিতকরনের অনুরোধসহ)।
৫। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।